

১৭/৮
কলেজের website-র দি
Biddul
26/07/24

“অতীব জরুরী”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৪.২০২২- ১৫২

তারিখ : ১১/০৩/২০২৫খ্রি.

বিষয় : জুলাই-আগস্ট-২০২৪ ছাত্র জনতার গণঅভ্যুত্থানে শহীদ ও গুরুতর আহত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীর তথ্য প্রেরণ।


সূত্র : মাউশি অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.০০০.১১৬.৪১.০০০২.২৩.১৭, তারিখ : ১৮.০৩.২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুলাই-আগস্ট, ২০২৪ ছাত্র জনতার গণঅভ্যুত্থানে ‘শহীদ ও আহত ছাত্র-শ্রমিক জনতার চিকিৎসা, পুনর্বাসন ও কর্মসংস্থান বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ থেকে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের সুচিকিৎসা নিশ্চিতকরণের একটি গাইডলাইন প্রণয়ন করা হয়। উক্ত গাইড লাইনের ক্রমিক নং-৬-৫ অনুযায়ী “আহতদের সরকারি সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে বিনামূল্যে শিক্ষা প্রদান করা হবে। এমনকি বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সাথেও সরকারের সমঝোতা চুক্তির মাধ্যমে তাঁদের বিনামূল্যে শিক্ষালাভের ব্যবস্থা করা হবে। বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জাতীয়করণকৃত ও সরকারি কলেজসমূহে কোন শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারী শহীদ ও গুরুতর আহত (কোন চক্ষু/হস্ত স্থায়ী পঞ্জুত) হয়ে থাকলে তাদের তথ্য সংযুক্ত ছক মোতাবেক প্রস্তুত পূর্বক সফট কপি Nikosh Ban ফন্টে Word document হিসেবে ই-মেইলে ddgovtcollege@gmail এবং dd.hrm.dshe@gmail.com ঠিকানায় আগামী ০৫ কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিশেষ দ্রষ্টব্য: তথ্যাদির ০১ (এক) কপি সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে এবং ০১ (এক) কপি বর্ণিত ই-মেইল ঠিকানায় প্রেরণের অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ :

১. তথ্য ছক
২. শিক্ষা মন্ত্রণালয়ের পত্র
৩. মাউশি’র এইচআরএম ইউনিট এর পত্র



(মোঃ নুরুল হক সিকদার)
উপপরিচালক (কলেজ-১)
ফোন : ০২-৪১০৫০৬২০

বিতরণ :

অধ্যক্ষ (সকল), জাতীয়করণকৃত ও সরকারি কলেজসমূহ।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। উপপরিচালক (এইচআরএম ইউনিট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;

০২। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;

০৩। সংরক্ষণ নথি;